

## প্রেস বিজ্ঞপ্তি

# আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করলো পিংফুড

আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করলো আর্ন্তজাতিকমানের ফুড অ্যান্ড বেভারেজ কোম্পানি পিংক সিটি ফুড এ্যান্ড বেভারেজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড। গত ১৩ জুলাই এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে আমিনবাজারে অবস্থিত নিজস্ব ফ্যাক্টরি প্রাঙ্গণে আনুষ্ঠানিক এ যাত্রা উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ড. আব্দুর রাজ্জাক, এমপি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির চেয়ারম্যান জনাব এম সালাহ উদ্দিন।

অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় মন্ত্রী জনাব আব্দুর রাজ্জাক, এমপি বলেন বিপুল কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পিংক সিটি ফুড অ্যান্ড বেভারেজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড বিশাল পরিসরে সর্বাধুনিক কারখানা স্থাপন বাংলাদেশের জন্য একটি বলিষ্ট পদক্ষেপ। তিনি আরও বলেন দেশীয় ও আর্ন্তজাতিক বাজারে গুনগত মান সম্পন্ন ভোগ্য পণ্য বাজারজাত এবং রপ্তানির লক্ষ্যে পিংক সিটি ফুড এ্যান্ড বেভারেজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন। পরিশেষে, প্রতিষ্ঠানটির উত্তোরত্তর উন্নতি ও সাফল্য কামনা করেন।

প্রতিষ্ঠানটির আনুষ্ঠানিক যাত্রা শুরু উপলক্ষ্যে কোম্পানিটির চেয়ারম্যান বলেন, আর্ন্তজাতিকমানের খাদ্য সামগ্রী উৎপাদনের লক্ষ্যে নিয়ে পিংফুড যাত্রা শুরু করেছে। আমরা চাই বাংলাদেশে বিশ্বমানের খাদ্য সামগ্রী উৎপাদন করতে এবং একই সঙ্গে বিশ্বের অন্যান্য দেশে পণ্য রপ্তানির মাধ্যমে দেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখতে। একই সঙ্গে তিনি এ আনুষ্ঠানিকযাত্রায় সবার সহযোগিতাও কামনা করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির মহাব্যবস্থাপক জনাব মুহঃ আখতারুজ্জামান প্রতিষ্ঠানটির পরিকল্পনা নিয়ে বলেন, বাংলাদেশে আমরাই প্রথম আর্জাতিকমানের কনফেক্শনারি ও স্ন্যাকস পণ্য বাজারজাত করতে যাচ্ছি। আমরা চাই গুণগতমানে আপোষহীন থাকতে ও স্বাস্থ্যসম্মত পণ্য সবার কাছে পৌঁছে দিতে। তিনি প্রতিষ্ঠানটির শুভ উদ্বোধন উপলক্ষ্যে সকল পরিবেশক এবং সেলস্ টিমের সকল সদস্যদেরকে কঠোর পরিশ্রমের মাধ্যমে খুচরা ব্যবসায়ীদের সেবা প্রদান করার অনুরোধ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে কোম্পানির ব্র্যান্ড মানেজারদ্বয় প্রতিষ্ঠানের আগামী দিনের পরিকল্পনা নিয়ে কথা বলেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন দেশব্যাপী পিংফুডের নিয়োগকৃত সম্মানিত পরিবেশক ও অন্যান্য শুভানুধ্যায়ীগণ।